**নাম: মো: শাওন খান**

**জন্ম তারিখ: ১২ জানুয়ারি, ২০০৫**

**শহীদ হওয়ার তারিখ: ৫ আগস্ট, ২০২৪**

**ব্যক্তিগত তথ্য:**

পেশা :ছাত্র,
শাহাদাতের স্থান :সাবেক এমপি শফিকুল ইসলাম শিমুলের বাড়ি, নাটোর সদর।

## শহীদের জীবনী

নাটোরের ছোট্ট গ্রাম চক আমহাটী তে জন্মগ্রহণ করেছেন শহীদ মো: শাওন খান।পিতা মো: বকুল খাঁ ও মা মোছা: পাখি বেগমের কোল আলোকিত করে খুশির ফোয়ারা ছড়িয়েছিল ১২.০১.২০০৫ ইং তারিখে।এখানেই তাঁর বেঁড়ে ওঠা।হাতেখড়ি হয়েছিল পড়াশোনার।দুই ভাইবোনের ভেতরে সে ছিল বড়।
শাওন খাঁন প্রাথমিক ও মাধ্যমিকের গণ্ডি পেরিয়ে পড়াশোনা করছিল উচ্চ মাধ্যমিকে।নাটোর মহারাজা জগদীন্দ্রনাথ স্কুল এন্ড কলেজের ছাত্র ছিল সে।
বাবা বকুল খাঁ একজন কৃষক, আর মা একজন গৃহিনী।বাবার চাষবাষের আয়াতেই চলতেছিলো শাওন খানের পড়াশোনা ও তাদের ছোট্ট এই সংসারের হাল।
শহীদ হওয়ার ঘটনা
সারাদেশে ছাত্র-জনতার তুমুল আন্দোলনের মুখে দেশত্যাগ করতে বাধ্য হন বাংলাদেশের কুখ্যাত স্বৈরাচার প্রধানমন্ত্রী শেখ হাসিনা।চারিদিকে– শহর কী গ্রাম সবখানেই দ্রুত ছড়িয়ে পড়ে এ খবর, আর খবরের সাথে সাথে সবার মাঝে ছড়িয়ে পড়ে আনন্দের ফল্গুধারা।তেমনি আনন্দের ফল্গুধারা বইয়ে গিয়েছিলো কিশোর শাওন খানের মনেও।
শাওন গিয়েছিলো বাবা বকুল খাঁনের সাথে ক্ষেতের কাজে।কিন্তু বাংলাদেশের স্বৈরাচার মুক্ত হওয়ার আনন্দ তাকে বিভোর করে তোলে।সে ছটফট করতে থাকে শহরে গিয়ে বিজয় মিছিলে অংশগ্রহণ করার জন্য।
স্বৈরাচার শেখ হাসিনার পালিয়ে যাওয়ার পর, তারই পোষা অত্যাচারী এমপি শফিকুল ইসলাম শিমুলও পালিয়ে যায় তার বাসা থেকে।এমপি শিমুল তার বাসাকে করে রেখেছিল দুর্গের মত।স্বাভাবিক জনসাধারণের জন্য যে বাসা ছিল নিষিদ্ধ।যার ফলে তার পালিয়ে যাওয়ার পর, উত্তেজিত জনতার নজর পড়ে তার অবৈধ সম্পদে তৈরিকৃত বাসা 'জান্নাত প্যালেস' এর দিকে।বিক্ষুব্ধ জনতা জান্নাত প্যালেসে উঠে ভাংচুর করতে থাকে।অনেকেই কৌতুহলবশত উঠে যায় উপরের তলাতে।অনেকের সাথে শাওনও চলে যায় উপরের তলায়।
নিচতলায় হঠাৎ আগুন লেগে যায়।উপর তলা থেকে অনেকেই নামার চেষ্টা করে।কিন্তু একটি রুমে অটো লক থাকায় সেখানে আটকা পড়ে যায় কয়েকজন। শাওনও ছিলো তাদের একজন।তারা আর বের হতে পারেনি।আগুনে দগ্ধ হয়ে মারা যায় সেখানে।
এদিকে বাবা শাওনকে খুঁজে পাচ্ছিলো না, ফোন বন্ধ পাচ্ছিলো তার।পরদিন ৬ আগষ্ট বকুল খাঁ মানুষের কাছে শুনতে পান এমপি শিমুলের বাসায় ৪টি লাশ পড়ে আছে।অবশেষে সেখানেই খুঁজে পান ছেলেকে।হাতের ব্রেসলেট দেখে শাওনকে চিনতে পারেন তিনি।
শোকাহত পরিবার
শহীদ শাওন বাবাকে চাষবাষে সহযোগীতা করতেন।ছিলো বাবার ডানহাত।ছেলেকে নিয়ে স্বপ্ন ছিলো বকুল খাঁর।ছেলে অনেক বড় কিছু হবে, তেমনই স্বপ্ন দেখতেন তিনি।মা ও দাদীও তাকে নিয়ে স্বপ্ন বুনেছিলেন।কিন্তু হায়! একটা বিরাট ঝড় এসে সবকিছু এলোমেলো করে দিয়ে গেলো।সবার স্বপ্নগুলো ঝরে গেলো মুকুলেই।
স্থানীয় সাবেক এক এমপি ইউসূফ খাঁন বলেন- 'শহীদ শাওন খুব ছোট একটা ছেলে, খুব প্রতিবাদী ও সাহসী ছেলে।আমরা সবাই তার এ মৃত্যুতে গভীরভাবে শোকাহত।তার হত্যার তীব্র নিন্দা জানাই ও এর বিচার চাই।
শহীদ মো: শাওন খানের পরিবারের অর্থনৈতিক অবস্থা
শহীদ শাওন খানের পরিবারে একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি তার বাবা।তিনি পেশায় একজন কৃষক।অন্যের জমি বর্গা নিয়ে চাষাবাদ করেন, নিজস্ব কোনো আবাদযোগ্য জমি নেই।
শহীদ মো: শাওন খানের ব্যক্তিগত তথ্য
নাম : মো: শাওন খান
জন্ম তারিখ : ১২.০১.২০০৫
শহীদ হওয়ার তারিখ ও সময় : ৫ আগষ্ট, ২০২৪, ৪:৩০ মিনিট
শহীদ হওয়ার স্থান : সাবেক এমপি শফিকুল ইসলাম শিমুলের বাড়ি, নাটোর সদর
আঘাতের ধরন : আগুনে দগ্ধ হয়ে
সমাধিস্থল : চক আমহাটী
পেশা : ছাত্র
পিতা : মো: বকুল খাঁ
মাতা : মোছা: পাখি বেগম
স্থায়ী ঠিকানা : চক আমহাটী, ছাতনী, নাটোর সদর,
শহীদ পরিবারের জন্য সহযোগীতা সংক্রান্ত প্রস্তাবনা

১. বাবা বর্গাচাষী তাই মাসিক অর্থ সহায়তা ও কর্মসংস্থানের ব্যাবস্থা করা যেতে পারে
২. শাওনের মা দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত তাকে চিকিৎসা সহায়তা করা